

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯

১৪/১০/২০১৫ খ্রিঃ।
তারিখ : -----
২৯/০৬/১৪২২ বঃ।

প্রজ্ঞাপন

সরকার সকল কর্মচারীর জন্য জাতীয় বেতনস্কেল, মোতাবেক 'শিক্ষা সহায়ক ভাতা' নিয়োক্ত হারে প্রদানে সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) সকল কর্মচারীর জন্য সন্তান প্রতি মাসিক ৫০০/- (পাঁচ শত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য সর্বোচ্চ ১০০০/- (এক হাজার) টাকা 'শিক্ষা সহায়ক ভাতা' প্রদেয় হবে।

(খ) স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিজীবী হলে সন্তান সংখ্যা যে কোন একজনের ক্ষেত্রেই গণনা করে ভাতার পরিমাণ নির্ধারণ করতে হবে।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়ন পত্র (Enrolement certificate from the Head of the Institute) এবং জন্ম নিবন্ধন সনদ এর কপি (copy of Birth certificate) দাখিল সাপেক্ষে এ ভাতা প্রদেয় হবে। জন্ম নিবন্ধন সনদ মোতাবেক এ ভাতা ২১ বছর পর্যন্ত বয়সী সন্তান/সন্তানেরা প্রাপ্য হবেন।

এ আদেশ ০১/০৭/২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
(কাজী মাহবুব হাসান)
যুগ্ম-সচিব

নং-০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯

১৪/১০/২০১৫ খ্রিঃ।
তারিখ : -----
২৯/০৬/১৪২২ বঃ।

অনুলিপি: সদয় অবগতির / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়, কাকরাইল, ঢাকা।
(তঁার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ----- (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
(তঁার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তঁার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৭. কন্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা প্রশাসক, ----- (সকল)।
(তঁার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৯. সিনিয়র মেইটেনেন্স ইঞ্জিনিয়ার, অর্থ বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
১০. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হল)।

(আশরাফ উদ্দীন আহাম্মদ খান)
উপ- সচিব
ফোনঃ ৯৫৪০১৮৩
ash.ad6009@yahoo.com

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(প্রবিধি অনুবিভাগ)

আদেশ

তারিখ : ১৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৪০-আইন/২০১৮ I—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No.XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকরি স্ব-শাসিত (Public bodies) এবং রাষ্ট্রীয়ত্ব প্রতিষ্ঠানসমূহ (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৯ এর চতুর্থ লাইনে উল্লিখিত “শিক্ষা সহায়ক ভাতা বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২১ বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা প্রাপ্য হইবেন” শব্দগুলি ও সংখ্যা এর পরিবর্তে “বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২৩(তেইশ) বৎসর পর্যন্ত বয়সী সন্তানেরা শিক্ষা সহায়কভাতা প্রাপ্য হইবেন” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম এনডিসি

অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০২১)

মূল্য : টাকা ৪.০০